গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৬/ তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৩ বঃ / ৫ মার্চ, ২০১৭ খ্রিঃ

# কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ১/২০১৭

বিষয়: **Liquid Screen Protector নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

Versatile Apparel Private Ltd., Liquid Screen Protector নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছে। আবেদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নরূপ:-

(ক) আবেদনকারির পরিচিতি:


| | |
|---|---|
| আবেদনকারির নাম | Versatile Apparel Private Ltd. |
| আবেদনকারির ঠিকানা | হক স্কয়ার, ৭৫ চালাবন, দক্ষিণখান, ঢাকা-১২৩০। |
| টেলিফোন নম্বর | ০১৭১৫২৯৮৫৭৫ |
| ই-মেইল ঠিকানা | abid@versatilegroupbd.com |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Liquid Screen Protector |
| যে ভৌত অবস্থায় (Form)/ প্রকৃতিতে আমদানি করা হবে | Liquid, Impregnated in nonwoven textile fibers/felt |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | কানাডা |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | নেই |

২। **আমদানিয় পণ্যের বিবরণ/ ব্যবহার/ উপযোগিতা:**

আবেদনকারি কর্তৃক সরবরাহকৃত দলিলাদি, নমুনা পর্যালোচনায় দেখা যায় বর্ণিত Liquid Screen Protector নামক পণ্যটির প্যাকেটের ভেতরে দুটি পৃথক সিলড প্যাকেট এবং একটি শুকনো nonwoven কাপড় রয়েছে। সিলড প্যাকেটগুলোর একটিতে মোবাইলের স্ক্রিন পরিষ্কারের জন্য Impregnated alcohol সমৃদ্ধ Pre-cleaner nonwoven কাপড় রয়েছে এবং দ্বিতীয় প্যাকেটটিতে Impregnated dissolved Silica সমৃদ্ধ nonwoven textile fibers/felt রয়েছে। Impregnated alcohol সমৃদ্ধ nonwoven কাপড় এবং শুকনো nonwoven কাপড় দিয়ে মোবাইলের স্ক্রিন পরিষ্কার করা হয়। অতঃপর Impregnated dissolved Silica সমৃদ্ধ nonwoven textile fibers/felt দ্বারা মোবাইল স্ক্রিন পলিশ করে লিকুইডটি মোবাইল স্ক্রিনে লাগানো হয়, বাতাসের সংস্পর্শে ৫ মিনিটের মধ্যে লিকুইডটি ক্রিস্টাল/গ্লাস প্রটেক্টর এ রূপান্তরিত হয়। Impregnated dissolved Silica হচ্ছে Silica এবং Alcohol জাতীয় পদার্থের একধরণের Mixture, যেখানে Mixture সমৃদ্ধ nonwoven textile fibers/felt দ্বারা মোবাইল স্ক্রিন পলিশ করলে Alcohol জাতীয় পদার্থ উদ্বায়ী হবে এবং Silica প্রটেক্টর এ রূপান্তরিত হবে।



Liquid Screen Protector: Crystaltech Nano 2.0

৩। **বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:**

এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনায় দেখা যায়, GIR 3 (b) তে উল্লিখিত essential character অনুযায়ী আলোচ্য পণ্যের শ্রেণিবিন্যাস নির্ধারিত হবে দ্বিতীয় প্যাকেটটিতে যে Impregnated dissolved Silica সমৃদ্ধ nonwoven textile fibers/felt পাওয়া যায় তার ভিত্তিতে। Explanatory Notes এর Heading Note-56.03 অনুযায়ী textile material শুধু carrying medium হিসেবে ব্যবহৃত হলে পণ্যের শ্রেণিবিন্যাস নির্ধারিত হবে Impregnated material এর ভিত্তিতে। আলোচ্য ক্ষেত্রে Impregnated material হলো Silica। সে অনুযায়ী Silica এর বিবেচ্য হেডিং ২৮.১১। Explanatory Notes,

Volume 1 এর পৃষ্ঠা-VI-2811-5 এর চ্যাপ্টার নোট এ উল্লেখ আছে, Silicon dioxide সমূহ pure silica বা silicic anhydride হবে। অর্থাৎ যে silica তে জলীয় কোন পদার্থ থাকবে না সেগুলো এই হেডিং এ শ্রেণিবিন্যাসিত হবে। একই পৃষ্ঠাতে colloidal suspensions of silica কে exclude করে হেডিং ৩৮.২৪ এর অন্তর্ভুক্ত করা আছে। আলোচ্য ক্ষেত্রে Silica এর সাথে অন্য জলীয় বস্তুর Mixture থাকায় Impregnated dissolved Silica হেডিং ২৮.১১ থেকে excluded। উল্লিখিত পর্যালোচনার আলোকে আলোচ্য Liquid Screen Protector, Crystaltech Nano 2.0 নামক পণ্যটি হেডিং ৩৮.২৪ এর অন্তর্ভুক্ত এইচ.এস.কোড ৩৮২৪.৯০.৯০ এ শ্রেণিবিন্যাসিত হওয়া অধিকতর যুক্তিযুক্ত।

৪। **অগ্রিম রুলিং:**

Versatile Apparel Private Ltd. কর্তৃক আমদানিয় Liquid Screen Protector, Crystaltech Nano 2.0 নামক পণ্যটি এইচ.এস.কোড ৩৮২৪.৯০.৯০ এ শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৫। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:**

এই অগ্রিম রুলিং জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**

(ক) Versatile Apparel Private Ltd. এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে Versatile Apparel Private Ltd. রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ উদ্দিন)
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট
ও
সদস্য, গ্রেড-১ (কাস্টমস নীতি)

প্রাপক:

**কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ বেনাপোল/ আইসিডি/ মংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৬/ তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৩ বঃ
৬ মার্চ, ২০১৭ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
১৭-২১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
২২-২৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
২৪। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, ভার্সেটাইল এ্যাপারেল (প্রাঃ) লিঃ, হক স্কয়ার, ৭৫ চালাবন, দক্ষিণখান, ঢাকা-১২৩০।
২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
২৯। অফিস কপি/ গার্ড নথি।

৬.৩.১৭

(মোঃ শরফুদ্দিন মিঞা)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও
দ্বিতীয় সচিব
(কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং)
ই-মেইল: sharfuddin009nbr@gmail.com